

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 11-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PM Dhan-Dhaanya Yojana and Self-Reliance in Pulses Mission :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে দুটি প্রধান উদ্যোগ প্রধানমন্ত্রী ধন-ধান্য যোজনা এবং ডাল-স্বনির্ভরতা মিশনের সূচনা করবেন। কৃষি মন্ত্রক জানিয়েছে, প্রধানমন্ত্রী ধন-ধান্য কৃষি যোজনার আওতায়, সারা দেশের একশোটি নিম্ন-উৎপাদনশীল জেলায় ব্যাপক কৃষি উন্নয়ন করা হবে, যার লক্ষ্য কৃষকদের আয় উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা। এই প্রকল্পটি প্রতিটি খামারের জন্য সেচ সুবিধা নিশ্চিত করা, ফসলের বৈচিত্র্য বৃদ্ধি করা এবং ঋণ ও সংরক্ষণের পরিকাঠামোতে সহজ প্রাপ্যতা প্রদানের লক্ষ্যে কাজ করবে। অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী কৃষিক্ষেত্রে অসামান্য অবদানের জন্য কৃষক, কৃষক উৎপাদক সংগঠন, সমবায় সমিতি এবং উদ্বাবকদের সম্মানিত করবেন। এই উপলক্ষে, তিনি কৃষি পরিকাঠামো তহবিল, পশুপালন, মৎস্য এবং খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্র সম্পর্কিত এক হাজার ১০০টিরও বেশি প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

\*\*\*\*\*

**Task Monitoring System Meeting-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যের প্রতিটি জেলার জেলাশাসক সহ জেলা আধিকারিকদের নিজ নিজ দায়িত্ব পালনে আরও দায়িত্বশীল হতে হবে। তবেই জনকল্যাণে রাজ্য সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচি সঠিকভাবে রূপায়ণ করা সম্ভব হবে। গতকাল সচিবালয়ের ভিডিও কনফারেন্স হলে রাজ্যবাসীর বিভিন্ন সমস্যা ও উত্তরণের বিষয়ে টাস্ক মনিটরিং সিস্টেমের পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী একথা বলেন। সভায় মুখ্যমন্ত্রী নেশার বিরুদ্ধে জিরো টলারেঞ্জ নীতি নিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন।

\*\*\*\*\*

### **68th Commonwealth Parliament Conference :**

ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ বারবাডোজের রাজধানী ব্রিজটাউনে গতকাল চার দিনব্যাপী ৬৮তম ইন্টারন্যাশনাল কমন্ওয়েলথ পার্লামেন্টের অ্যাসোসিয়েশনের কনফারেন্স শেষ হয়েছে। এতে ভারতীয় প্রতিনিধি দলের অন্যতম সদস্য হিসেবে রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল অংশগ্রহণ করেন। সম্মেলনে রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল ত্রিপুরার সামাজিক অর্থনৈতিক উন্নয়নের নানা দিক, উত্তরপূর্ব ভারতের সংসদীয় অভিজ্ঞতা ও সাফল্যের দৃষ্টান্ত তাঁর বক্তব্যে তুলে ধরেন।

\*\*\*\*\*

### **Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন বিশেষ নিবিড় সংশোধনী কার্যসূচীতে কারও হস্তক্ষেপ করা উচিত নয়, কারণ এটি নির্বাচন কমিশনের সাংবিধানিক দায়িত্ব। নতুন দিল্লিতে গতকাল একটি বেসরকারি অনুষ্ঠানে শ্রী শাহ বলেন, ভোটাধিকার কেবলমাত্র ভারতীয় নাগরিকদের জন্যই থাকা উচিত। সরকার অনুপ্রবেশকারীদের সঙ্গে মোকাবেলা করার জন্য সনাক্তকরণ, অপসারণ এবং নির্বাসনের নীতি কঠোরভাবে অনুসরণ করবে।

\*\*\*\*\*

### **Sushanta Chowdhury :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, জিরানিয়ার শচীন্দ্রনগর কলোনিতে কলকাতার নিকো পার্কের আদলে প্রস্তাবিত অত্যাধুনিক পার্ক নির্মাণে ক্লাস্টার ডেভেলপমেন্ট ফান্ড স্কিম" এর আওতায় আর্থিক সহায়তায় এগিয়ে এসেছে "ভারতের ক্ষুদ্র শিল্প উন্নয়ন ব্যাংক। গতকাল সচিবালয়ে এই পার্কটির কাজ স্বরাষ্ট্রিত করার লক্ষ্যে ব্যাক্তের উচ্চ পদস্থ আধিকারিকদের সঙ্গে ভারুয়ালি বৈঠক করেছেন পর্যটন মন্ত্রী।

\*\*\*\*\*

### **Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন ত্রিপুরা রাজ্যে শিক্ষার সার্বিক মান উন্নয়ন, অবকাঠামোগত বিকাশ এবং শিক্ষার্থীদের জন্য আরও অনুকূল পরিবেশ গড়ে তুলতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। গতকাল শান্তিরবাজার বীরচন্দ্রনগর একলব্য মডেল আবাসিক বিদ্যালয় পরিদর্শন করে শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় কালে একথা বলেন তিনি। পরিদর্শনকালে তিনি বিদ্যালয়ের সার্বিক পরিবেশ, শিক্ষার মান, অবকাঠামো এবং শিক্ষার্থীদের অগ্রগতি সম্পর্কে বিস্তারিতভাবে খোঁজখবর নেন।

\*\*\*\*\*

### **Dharmanagar Sub Jail :**

ধর্মনগর সাব জেল থেকে পলাতক রহিম আলি নামে আরও একজন আসামীকে পুলিশ আটক করেছে। গতকাল উত্তর জেলা পুলিশের বিশেষ অভিযান চালিয়ে আসামের বরাক উপত্যকা থেকে তাকে আটক করে। উল্লেখ্য গত পয়লা অক্টোবর সকালে ধর্মনগর সাবজেল থেকে ছজন আসামী জেল রক্ষীদের মারধর করে পালিয়ে যায়। পলাতক আরো তিন আসামীর সন্ধানে পুলিশ অভিযান অব্যাহত রেখেছে।

\*\*\*\*\*

### **Raj Rajeswari Festival :**

দক্ষিণ জেলার জোলাইবাড়ি ব্লকের মুহুরীপুরে গড়ে উঠা রাজ-রাজেশ্বরী মন্দিরে আগামী ২০ ও ২১ অক্টোবর দুইদিনের দীপাবলি উৎসব অনুষ্ঠিত হবে। উৎসবের সার্বিক প্রস্তুতি নিয়ে গতকাল মন্দিরে এক প্রস্তুতি সভার আয়োজন করা হয়। সভায় মহকুমা শাসক সঞ্জীব চাকমাকে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করা হয়।

\*\*\*\*\*

### **NSS :**

আগরতলা মহিলা মহাবিদ্যালয়ের এনএসএস ইউনিট এবং ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রন পর্ষদের যৌথ উদ্যোগে শব্দদূষণের কুফল বিষয়ে এক সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। এনএসএস স্বেচ্ছাসেবীরা শহরের বিভিন্ন রাস্তার মোড়ে পথচলতি জনগনের মধ্যে শব্দ দূষণ সম্পর্কিত সচেতনতামূলক লিফলেট বিলি করে।

\*\*\*\*\*

### **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির লড়াইয়ে মণিশংকর মুডাসিং এবার ত্রিপুরা দলকে নেতৃত্ব দেবেন। মরশুমের প্রথম দুটি ম্যাচের জন্য রাজ্যদল ঘোষণা করা হয়েছে। দলের সহ-অধিনায়ক হিসেবে শ্রীদাম পালকে নির্বাচিত করা হয়েছে। রাজ্যদল আগামী ১৫ থেকে ১৮ অক্টোবর দিল্লীতে সার্ভিসেসের বিরুদ্ধে খেলবে। পরে লাহালিতে হরিয়ানার মুখোমুখি হবে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুত সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*